# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ৭৩১

পর্ব - ৬ঃ হাজ্জ (হজ্জ/হজ) প্রসঙ্গ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৪. ইহরাম ও তার সংশ্লিষ্ট কার্যাদি - ইহরামরত ব্যক্তির যা পরিধান করা হারাম

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ سُئِلَ: مَا يَلْبَسُ الْمُحْرِمُ مِنَ الثِّيَابِ فَقَالَ: «لَا تَلْبَسُوا الْقُمُصَ, وَلَا الْعَمَائِمَ, وَلَا السَّرَاوِيلَاتِ, وَلَا الْبَرَانِسَ, وَلَا الْخِفَافَ, إِلَّا أَحَدٌ لَا يَجِدُ النَّعْلَيْنِ فَلْيَلْبَسْ الْخُفَّيْنِ وَلْيَقْطَعْهُمَا أَسْفَلَ مِنَ الْكَعْبَيْنِ, وَلَا تَلْبَسُوا شَيْئًا مِنَ الثِّيَابِ مَسَّهُ الزَّعْفَرَانُ، وَلَا الْوَرْسُ». مُتَّفَقٌ عَلَيْهِ وَاللَّفْظُ لِمُسْلِمٍ

صحيح. رواه البخاري (1542)، ومسلم (1177)

### বাংলা

৭৩১। ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসিত হলেন, মুহরিম ব্যক্তি কী প্রকারের কাপড় পরবে? আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সে জামা, পাগড়ী, পায়জামা, টুপি ও মোজা পরিধান করবে না। তবে কারো জুতা না থাকলে সে টাখনুর নিচ পর্যন্ত মোজা কেটে (জুতার ন্যায়) পরবে। তোমরা জাফরান বা ওয়ারস (এক প্রকার খুশবু) রঞ্জিত কোন কাপড় পরবে না। —শব্দ মুসলিমের।[1]

### ফুটনোট

[1] বুখারী ১৩৪, ৩৬৬, ১৫:৪২, ১৮৪২, মুসলিম ১১৫৭, তিরমিযী ৮৩৩, নাসায়ী ২৬৬৬, ২৬৬৭, আবূ দাউদ ১৮২৩, ইবনু মাজাহ ২৯২৯, ২৯৩২, আহমাদ ৪৪৪০, ৪৪৬৮, মুওয়াত্তা ৭১৬, ৭১৭, দারেমী ১৭৯৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70542

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন